

# এক নজরে ঢাকার সরকারি স্কুলে ভর্তির তথ্য

ঢাকার সরকারি হাইস্কুলগুলোতে ১৭ থেকে ১৯ ডিসেম্বর ভর্তি পরীক্ষা নেয়া হবে। প্রথম শ্রেণিতে ভর্তির লটারি করা হবে ২০ ডিসেম্বর। নির্বাচনের কারণে আইনশৃঙ্খলা রক্ষায় প্রথমবারের মতো লটারির দিন সব স্কুলে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হবে। এর আগে ১ থেকে ১৩ ডিসেম্বর মধ্যরাত পর্যন্ত অনলাইনে ভর্তির আবেদন নেয়া হবে। তবে ১০ ডিসেম্বরের পর সব ধরনের পরীক্ষার ওপর নির্বাচন কমিশনের (ইসি) নিষেধাজ্ঞা থাকায় এখন অনুমতির প্রয়োজন। এজন্য আজ শিক্ষা মন্ত্রণালয় থেকে ইসিতে চিঠি পাঠানো হবে। শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন পেলেই এ বিষয়ে ঘোষণা দেবে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর।

এবার ঢাকার ৩৮টি সরকারি হাইস্কুলে ১২ হাজার ৩৬৬টি আসন আছে। এর মধ্যে ১৭ হাইস্কুলে প্রথম শ্রেণিতে ১ হাজার ৯৬০টি আসন রয়েছে। এর বাইরে আরও ৩টি হাইস্কুলে এবার প্রথমবার শিক্ষা কার্যক্রম শুরু করা হবে। ওইসব প্রতিষ্ঠানের আসন সংখ্যা এখন পর্যন্ত ঠিক হয়নি।

অধিদপ্তরের মাধ্যমিক শাখার পরিচালক অধ্যাপক ড. আবদুল মান্নান দৈনিক শিক্ষাকে বলেন, ইসির নির্দেশনা মতো বার্ষিক পরীক্ষা এগিয়ে আনা হয়েছে। যারা পরীক্ষায় উত্তীর্ণ হয় তারা ভর্তি পরীক্ষা দেয়া। তাই ১০ ডিসেম্বরের আগে পরীক্ষা আনা যাচ্ছিল না। স্বাভাবিক কারণেই পরীক্ষা ১ জানুয়ারি শিক্ষাবর্ষ শুরুর আগে শেষ করতে হবে। কেননা ভর্তির সঙ্গে ক্লাস শুরুর সম্পর্ক আছে। যেহেতু ৩০ ডিসেম্বর ভোট হবে, তাই আগে নির্ধারিত সময়সূচিতে পরীক্ষা নেয়ার সুযোগ আছে। এই কথাটি উল্লেখ করেই ইসির কাছে অনুমতি চাওয়া হবে।

জানা গেছে, মাউশি অধিদপ্তর এরই মধ্যে ঢাকার ৩৮ হাইস্কুলে ভর্তির বিস্তারিত রোডম্যাপ চূড়ান্ত করেছে। এবারও ভর্তির আবেদন ফি ১৭০ টাকা টেলিটকের মাধ্যমে নেয়া হবে। অনলাইনে আবেদন করতে হবে। এবারও স্কুলে ভর্তির ক্ষেত্রে মোট আসনের ৫৯ শতাংশ কোটা রাখার প্রস্তাব আছে। এর মধ্যে আছে 'এলাকা', 'সরকারি প্রাইমারি স্কুল', 'মুক্তিযোদ্ধা', 'প্রতিবন্ধী' ও 'শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারী ও স্কুলের শিক্ষক-কর্মচারী' কোটা। আবেদন কার্যক্রম পরিচালিত হবে টেলিটকের মাধ্যমে। [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) এবং [www.teletalk.com](http://www.teletalk.com) সাইটের মাধ্যমে আবেদন করতে হবে। ঢাকা মহানগর এবং ঢাকার বাইরের প্রায় সাড়ে ৩০০ স্কুলের ভর্তি কার্যক্রম আলাদাভাবে সম্পন্ন হবে।

১৭ হাইস্কুলের এসব বিদ্যালয়ে ১ হাজার ৯৬০ আসনে ভর্তি করা হবে। এছাড়া ২য় শ্রেণিতে ৮৪৯টি, ৩য় শ্রেণিতে ২ হাজার ১২৬টি, ৪র্থ শ্রেণিতে ৮২২টি, ৫ম শ্রেণিতে ৮৪৯টি, ৬ষ্ঠ শ্রেণিতে ৩ হাজার ৫৫৭টি, ৭ম শ্রেণিতে ৭৩৮টি, ৮ম শ্রেণিতে ৯৯৭টি এবং ৯ম শ্রেণিতে ৪৬৮টি আসন রয়েছে। এবার নবনির্মিত হাজী এমএ গফুর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সবুজবাগ সরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং শহীদ মনু মিঞা সরকারি মাধ্যমিক বিদ্যালয়েও শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে হেল্প ডেস্ক খোলা হবে।

এ বছরও রাজধানীর সরকারি হাইস্কুলগুলো তিন গ্রুপে ভাগ করে ভর্তি কার্যক্রম পরিচালনা করা হবে। ৪১টি হাইস্কুলের মধ্যে 'ক' ও 'খ' গ্রুপে ১৪টি করে এবং 'গ' গ্রুপে ১৩টি হাইস্কুল আছে। এবার রাজধানীর মোট ১৭টি হাইস্কুলে প্রথম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। বাকি স্কুলগুলোর কোনোটি দ্বিতীয় আবার কোনোটি তৃতীয় বা ষষ্ঠ শ্রেণি থেকে শিক্ষা কার্যক্রম শুরু হয়।

প্রথম শ্রেণির ভর্তিতে শিক্ষার্থীর বয়স জানুয়ারিতে ছয় বছরের বেশি হতে হবে। প্রথম শ্রেণিতে শিক্ষার্থী নেয়া স্কুলগুলোর মধ্যে আছে আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল অ্যান্ড কলেজ, ধানমন্ডি গভ. ল্যাবরেটরি উচ্চবিদ্যালয়, ধানমন্ডি গভ. বয়েজ উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি গভ. বয়েজ উচ্চ বিদ্যালয়ের ফিডার শাখা, তেজগাঁও বালক উচ্চবিদ্যালয়, তেজগাঁও বালিকা উচ্চবিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চবিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, মতিঝিল বালক উচ্চবিদ্যালয়, খিলগাঁও সরকারি হাইস্কুল, খিলগাঁও সরকারি হাইস্কুলের ফিডার শাখা, নারিন্দা সরকারি উচ্চবিদ্যালয়, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত উচ্চবিদ্যালয়, মোহাম্মদপুর সরকারি উচ্চবিদ্যালয় ও গণভবন সরকারি উচ্চবিদ্যালয়।